গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি)
এমপ্লয়ী ম্যানেজমেন্ট শাখা
www.dpdc.gov.bd
বিদ্যুৎ ভবন, ১, আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৪.১১.০০১.১৯.১১৫২ তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিষয়: ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)-এর এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স) পদে নিয়োগপত্র।

ডিপিডিসি'র ৮৭.৪০৪.৪০১.০৭.০৩.০০১.২০১৯.৮৮৪; তারিখ: ০৮.০৭.২০১৯খ্রি. স্মারক মূলে জারিকৃত বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে ডিপিডিসি'র নিয়োগ ও পদোন্নতি কমিটির (গ্রেড ০৬ হতে ০৮) গত অক্টোবর ২৫, ২০২০ খ্রি. অনুষ্ঠিত সভার সুপারিশ অনুযায়ী নিম্নে বর্ণিত প্রার্থীদ্বয়কে ডিপিডিসি'র বেতন কাঠামো' ২০১৬-এর ৭ নম্বর গ্রেড এবং অনুচ্ছেদ ২-এ বর্ণিত সুবিধাদি সাপেক্ষে নিম্নে উল্লিখিত শর্তাবলীতে ডিপিডিসি'র এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স) পদে নিয়োগ প্রদান করা হলো:

ক্র: নং	প্রার্থীর নাম ও রোল	পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১.	মো: সাহাবুল হাসান রোল: ৩১০০৭৮	পিতা: মো: ফরিদ আহমেদ, মাতা: নাজমা আহমেদ	বাসা-১০, রোড-২৭, প্যারিস রোড, মিরপুর-১০/ডি, ঢাকা-১২১৬।	গ্রাম+ডাকঘর: নিজামকান্দী, উপজেলা: কাশিয়ানি, জেলা: গোপালগঞ্জ।
২.	মেহেদী হাসান রোল: ৩১০১৬৫	পিতা: আমিনুল হক, মাতা: সামছুন্নাহার	২৪৫, পুরা-৮৭৪/৪, উইলসন রোড, লেজারাস আ/এ, উপজেলা: বন্দর, জেলা: নারায়ণগঞ্জ।	গ্রাম: হাজরাদী, সাবদী বাজার, উপজেলা: বন্দর, জেলা: নারায়ণগঞ্জ।

(ক্রমিক নম্বর জ্যেষ্ঠতার নির্দেশক নয়)

শর্তাবলী:

১. নিয়োগের চুক্তির মেয়াদ ও শর্তাবলী:

(ক) এ নিয়োগ চুক্তির মেয়াদ এক নাগাড়ে ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে যার প্রথম বছর শিক্ষানবীশকাল হিসেবে গণ্য হবে। ০১ (এক) বছরের শিক্ষানবীশকাল শেষে প্রার্থীর সন্তোষজনক পুলিশি প্রতিবেদন পাওয়া গেলে শিক্ষানবীশকাল সমাপ্ত এবং চুক্তিভিত্তিক নিয়োজনের চুক্তি স্বাক্ষর সম্পাদন করা হবে এবং যোগদানের তারিখ হতে তা কার্যকর করা হবে।

(খ) শিক্ষানবীশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন হলে চাকরিতে চুক্তির পরবর্তী দুই বছরের মেয়াদ কার্যকর করা হবে এবং পরবর্তীতে মোট ০৩ (তিন) বছর (শিক্ষানবীশকাল ০১ বছর + অবশিষ্ট ০২ বছর) মেয়াদান্তে ডিপিডিসি চাকরিবিধি

অনুসারে চুক্তি পুন:মূল্যায়ন করত: কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি/ নবায়ন করা যাবে:

তবে শর্ত থাকে যে, ডিপিডিসি বোর্ড কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন ও কর্ম-মূল্যায়ন সন্তোষজনক সাপেক্ষে বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়া পর্যন্ত এ চুক্তির মেয়াদ নবায়নযোগ্য হতে পারে।

(গ) শিক্ষানবীশকালে চাকরি ক্ষেত্রে কোনো ধরনের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/ বিচ্যুতি পরিলক্ষিত হলে বা পুলিশি প্রতিবেদন সন্তোষজনক না হলে কিংবা পরীক্ষা পাশের সনদ মিথ্যা/ ভুল প্রমাণিত হলে বা কাজের ক্ষেত্রে কর্মমূল্যায়ন সন্তোষজনক না হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে বা কোন কারণ দর্শানো ছাড়াই প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।

(ঘ) উল্লিখিত কারণসমূহে নিয়োগ বাতিল হলে চাকরিকালীন গৃহীত বেতন-ভাতাদি, প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় এবং অন্যান্য গৃহীত সুবিধাদি কোম্পানি কর্তৃক নির্ধারিত আর্থিক মূল্যে ডিপিডিসি'র অনুকূলে ফেরত প্রদানে বাধ্য থাকবেন মর্মে চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতিপত্র/ অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।

২. বেতন, পারিতোষিক ও অন্যান্য সুবিধাদি:

(ক)	মাসিক মূল বেতন	-	৫১,০০০/- (একান্ন হাজার) টাকা মাত্র।
(খ)	বাড়ি ভাড়া ভাতা	-	কোম্পানির আবাসনে না থাকলে ঢাকা সিটি কর্পোরেশন এলাকার জন্য মূল বেতনের ৬০% হারে এবং নারায়নগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার জন্য মূল বেতনের ৫০% হারে।
(গ)	চিকিৎসা ভাতা	-	নিজ, স্বামী/ স্ত্রী, সন্তানাদি ও নির্ভরশীল পিতা-মাতার চিকিৎসার জন্য প্রতি বছর সর্বোচ্চ ০২ (দুই) মাসের মূল বেতনের সম-পরিমাণ অর্থ প্রকৃত খরচের বিপরীতে পুনর্ভরণ।
(ঘ)	বোনাস	-	প্রতি বছর দু'টি উৎসব বোনাস, প্রতিটি উৎসবের অব্যবহিত পূর্ববর্তী মাসে গৃহীত মূল বেতনের ভিত্তিতে।
(ঙ)	যানবাহন/ যাতায়াত ভাতা	-	মাসিক ৪০০০/- (চার হাজার) টাকা মাত্র।
(চ)	বাংলা নববর্ষ ভাতা	-	মূল বেতনের ২০% হারে।
(ছ)	প্রান্তিক সুবিধাদি	-	ডিপিডিসি সার্ভিস রুলস্ এবং পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুসারে চাকরির অন্যান্য শর্তাবলী ও সুবিধাদি নির্ধারিত হবে।
(জ)	আয়কর	-	এমপ্লয়ীকে পরিশোধ করতে হবে।

৩. জিরো টলারেন্স (Zero-tolerance): দুর্নীতির ক্ষেত্রে কোম্পানির জিরো টলারেন্স (Zero-tolerance) নীতি অনুসরণ করে চলতে হবে।

৪. টারমিনেশন/ চাকরিচ্যুতি/ চাকরির অবসান: কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে চার মাসের নোটিস অথবা চার মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করত: এ নিয়োগ টারমিনেশন/ চাকরিচ্যুতি/ চাকরির অবসান করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। তবে এক্ষেত্রে শিক্ষানবীশকালে ডিপিডিসি সার্ভিস রুলস-এর বিধি ৯.৩ অনুযায়ী নোটিস ছাড়াই টারমিনেশন করা যাবে।

৫. স্বেচ্ছায় পদত্যাগ: দুই মাসের অগ্রিম নোটিস দ্বারা পদত্যাগ করা যেতে পারে। তবে কোন কারণে উক্ত ০২ (দুই) মাস

সময়ের পূর্বে পদত্যাগের জন্য নোটিস প্রদান করলে ০২ (দুই) মাস পূর্ণ হতে যতদিন কম হবে ততদিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা প্রদান সাপেক্ষে চাকরি হতে স্বেচ্ছায় পদত্যাগ করা যাবে।

৬. কর্তব্য পালনে ব্যর্থতায় টারমিনেশন/ চাকরিচ্যুতি/ চাকরির অবসান: বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা কিংবা দুর্নীতিগ্রস্ত হওয়া কিংবা দায়িত্বে চরম অবহেলা বা অসদাচরণ ইত্যাদির ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই তার চাকরির অবসান করা যাবে।

৭. চাকরির সুবিধাদি:

(ক)	অনুচ্ছেদ ৩, ৪ ও ৬ এর অধীনে চাকরির পরিসমাপ্তি/ চাকরির অবসান করা হলে প্রাপ্য সুবিধাদি ডিপিডিসি সার্ভিস রুলস্ অনুসারে নির্ধারিত হবে।
(খ)	যথাযথ নোটিস ব্যতিরেকে চাকরি হতে পদত্যাগ করা হলে প্রাপ্য সুবিধাদি ডিপিডিসি সার্ভিস রুলস অনুসারে নির্ধারণ ও আদায়যোগ্য হবে।

৮. সম্পদ বিবরণী জমাকরণ: নির্ধারিত ফরমে (সংযুক্ত) সম্পদ বিবরণী চাকরিতে যোগদানের সময় দাখিল করতে হবে।

৯. চাকরির সুবিধাদি পরিবর্তন/ পরিমার্জন: কোম্পানি আইন এবং/ অথবা ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগপত্রে উল্লিখিত চাকরির শর্তাবলী ও সুবিধাদি পরিবর্তনের ক্ষমতা ডিপিডিসি'র পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।

ডিপিডিসি'র এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স) পদে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীগণকে এ মর্মে অবগত করানো যাচ্ছে যে, নির্বাচিত প্রার্থীগণ আগামি ১৯.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে Medical check-up-এর জন্য ডিপিডিসি'র চিফ মেডিক্যাল অফিসার-এর নিকট হাজির হবেন। প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে থাকলে যোগদানের সময় বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র সংগ্রহ করে দাখিল করতে হবে। ডিপিডিসির চাকরিবিধি, অন্যান্য বিধিমালা/ নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত আদেশসমূহ মেনে উল্লিখিত শর্তাবলীতে চাকরি করতে সম্মত আছেন মর্মে এ নিয়োগপত্রের একটি কপিতে স্বাক্ষর করে সম্মতি প্রকাশ করতে হবে।

ডিপিডিসি'র চিফ মেডিক্যাল অফিসার কর্তৃক শারীরিক যোগ্যতা সন্তোষজনক প্রত্যয়িত প্রার্থীগণ উপরোল্লিখিত শর্তাবলী পালনে সম্মত হলে আগামি ২০.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডিপিডিসি'র এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স) পদে যোগদান করবেন অন্যথায় এ নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলীতে সম্মত মর্মে স্বাক্ষর

(..)



১০-১-২০২১

মো: গোলাম মোস্তফা

নির্বাহী পরিচালক (অর্থ) ও নির্বাহী পরিচালক

.

(আডমিন এন্ড এইচ.আর) [অঃ দাঃ], ডিপিডিসি।

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৪.১১.০০১.১৯.১১৫২/১(৫)

তারিখ: ২৬ পৌষ ১৪২৭
১০ জানুয়ারি ২০২১

বিতরণ:

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) জেনারেল ম্যানেজার (এইচ.আর/ ফাইন্যান্স এন্ড একাউন্টস)/ কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিসিও টু ম্যানেজিং ডিরেক্টর/ চিফ মেডিকেল অফিসার, ডিপিডিসি।

৪) জনাব ....।

৫) অফিস কপি/ মাস্টার ফাইল।

১০-১-২০২১
মোছাঃ রয়েলী পারভীন
ডেপুটি ম্যানেজার (এইচ আর)

(নমুনা)

অংগীকার নামা/ সম্মতি পত্র

আমি..,পিতা: ....,

মাতা: ...., স্থায়ী ঠিকানা: ....,

বর্তমান ঠিকানা... ডিপিডিসির স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৪.১১.০০১.১৯.১১৫২; তারিখ: ১০.০১.২০২১খ্রি. দ্বারা **এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স)** পদে নিয়োগপ্রাপ্ত হয়েছি। নিয়োগপত্রে উল্লিখিত চুক্তির মেয়াদ ও শর্তাবলীতে (সংশ্লিষ্ট অংশ নিম্নবর্ণিত) স্বজ্ঞানে সম্মত হয়ে এবং মেনে চলার অঙ্গীকার করত: চাকরি করতে সম্মতি প্রদান করছি:

নিয়োগের চুক্তির মেয়াদ ও শর্তাবলী:

(ক) এ নিয়োগ চুক্তির মেয়াদ এক নাগাড়ে ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে যার প্রথম বছর শিক্ষানবীশকাল হিসেবে গণ্য হবে। ০১ (এক) বছরের শিক্ষানবীশকাল শেষে প্রার্থীর সন্তোষজনক পুলিশি প্রতিবেদন পাওয়া গেলে শিক্ষানবীশকাল সমাপ্ত এবং চুক্তিভিত্তিক নিয়োজনের চুক্তি স্বাক্ষর সম্পাদন করা হবে এবং যোগদানের তারিখ হতে তা কার্যকর করা হবে।

(খ) শিক্ষানবীশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন হলে চাকরিতে চুক্তির পরবর্তী দুই বছরের মেয়াদ কার্যকর করা হবে এবং পরবর্তীতে মোট ০৩ (তিন) বছর (শিক্ষানবীশকাল ০১ বছর + অবশিষ্ট ০২ বছর) মেয়াদান্তে ডিপিডিসি চাকরিবিধি অনুসারে চুক্তি পুন:মূল্যায়ন করত: কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি/ নবায়ন করা যাবে:

তবে শর্ত থাকে যে, ডিপিডিসি বোর্ড কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন ও কর্ম-মূল্যায়ন সন্তোষজনক সাপেক্ষে বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়া পর্যন্ত এ চুক্তির মেয়াদ নবায়নযোগ্য হতে পারে।

(গ) শিক্ষানবীশকালে চাকরি ক্ষেত্রে কোনো ধরনের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/ বিচ্যুতি পরিলক্ষিত হলে বা পুলিশি প্রতিবেদন সন্তোষজনক না হলে কিংবা পরীক্ষা পাশের সনদ মিথ্যা/ ভুল প্রমাণিত হলে বা কাজের ক্ষেত্রে কর্মমূল্যায়ন সন্তোষজনক না হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে বা কোন কারণ দর্শানো ছাড়াই প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।

(ঘ) উল্লিখিত কারণসমূহে নিয়োগ বাতিল হলে চাকরিকালীন গৃহীত বেতন-ভাতাদি, প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয় এবং অন্যান্য গৃহীত সুবিধাদি কোম্পানি কর্তৃক নির্ধারিত আর্থিক মূল্যে ডিপিডিসি' র অনুকূলে ফেরত প্রদানে বাধ্য থাকবেন মর্মে চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতিপত্র/ অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।

(ঙ) চাকরিসূত্রে দাপ্তরিক বা অন্য কোনভাবে প্রাপ্ত আমার জানা বা আমার নিকট সংরক্ষিত ডিপিডিসি সংক্রান্ত যে কোন তথ্য কঠোর গোপনীয়ভাবে সংরক্ষণ করা এবং প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কারও নিকট প্রকাশ না করা, যদি না তা প্রকাশের জন্য আইনত নির্দেশনা থাকে বা দাপ্তরিক কাজের স্বার্থে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তা প্রকাশের জন্য নির্দেশ প্রাপ্ত হয়।

আমি স্বজ্ঞানে এবং অন্যের দ্বারা প্রভাবিত/ প্ররোচিত না হয়ে নিয়োগপত্রে উপরোল্লিখিত চুক্তির মেয়াদ ও শর্তাবলী পড়ে ও বুঝে স্বাক্ষর করে অংগীকার/ সম্মতি প্রকাশ করছি।

তারিখ:

স্বাক্ষর:

নাম:

সাক্ষী:

১। নাম:

ঠিকানা:

জাতীয় পরিচয়পত্র নম্বর:

মোবাইল নম্বর:

২। নাম:

ঠিকানা:

জাতীয় পরিচয়পত্র নম্বর:

মোবাইল নম্বর:

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)
কর্মকর্তা/কর্মচারীগণের সম্পদের হিসাব বিবরণী
(স্থাবর/অস্থাবর)

আমি... ... ...পরিচিতি নম্বরঃ ... ... পদবীঃ ... ... প্রথম যোগদানের তারিখঃ ... ... বর্তমান কর্মস্থলঃ ... ...এ মর্মে ঘোষনা করছি যে, আমার/ আমার পরিবারের সদস্যগণের নামে ডিপিডিসিতে প্রথম যোগদানের তারিখ পর্যন্ত নিম্নে বর্ণিত স্থাবর/অস্থাবর সম্পদ/ সম্পত্তি বিদ্যমান আছেঃ

সম্পদ/ সম্পত্তির বিবরণ	সম্পদ অর্জনের তারিখ	যার নামে অর্জিত	সম্পদ/ সম্পত্তির প্রকৃতি ও অবস্থান	সম্পত্তির পরিমান	কিভাবে অর্জিত ও অর্জনের তারিখে মূল্য	ক্রয় হলে অর্থের উৎস	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
১) জমি (কৃষি/অকৃষি)							
২) ইমারত							
৩) বসত বাড়ী							
৪) ব্যবসা প্রতিষ্ঠান							
৫) অলংকারাদি							
৬) স্টক্স/ শেয়ার							
৭) ইউনিট সার্টিফিকেট/ বন্ড							
৮) বীমা							
৯) নগদ							
১০) ব্যাংকে গচ্ছিত অর্থ							
১১) সঞ্চয় পত্র							
১২) মোটর ভেহীকলস্							
১৩) ইলেক্ট্রনিক্স জিনিসপত্র (কম্পিউটার, টেলিভিশন, এয়ারকুলার, রেফ্রিজারেটর, ওভেন ইত্যাদি)							
১৪) অন্যান্য, যদি থাকে							
মোট							

আমি আরও ঘোষনা করছি যে, উপরিউক্ত সম্পদ/ সম্পত্তির (স্থাবর/অস্থাবর) বিবরণী আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। এমন কোন সম্পদ/সম্পত্তির (স্থাবর/অস্থাবর) বিবরণ এ হিসাব হতে গোপন করা হয়নি, যাতে আমার নিজের অথবা আমার পরিবারের সদস্যগণের মাধ্যমে আমার স্বার্থ নিহিত আছে।

স্বাক্ষরঃ
নামঃ
পদবীঃ

(নমুনা)

তারিখ:

ডেপুটি জেনারেল ম্যানেজার
এমপ্লয়ি ম্যানেজমেন্ট (আডমিনিসট্রেইশন)
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:
বিদ্যুৎ ভবন (৪র্থ তলা)
১, আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০।

বিষয়: ডিপিডিসির এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স) পদে যোগদান পত্র।

সূত্র: ডিপিডিসি'র স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৪.১১.০০১.১৯.১১৫২; তারিখ: ১০.০১.২০২১খ্রি.

মহোদয়:

যথাবিহীত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, সূত্রস্থ স্মারকের মাধ্যমে আমাকে ডিপিডিসি'র **এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স)** পদে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। উক্ত পদে আমি অদ্য / ০১/ ২০২১ খ্রি. তারিখে (পূর্বাহ্ন/ অপরাহ্ন) যোগদান করতে আগ্রহী । নিয়োগ পত্রের যাচিত কাগজ পত্রাদি এতদসঙ্গে সংযুক্ত করা হয়েছে।

অতএব, মহোদয়ের নিকট আবেদন এই যে, **এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স)** পদে অদ্য /০১/ ২০২১ খ্রি. তারিখে (পূর্বাহ্ন/ অপরাহ্ন) দাখিলকৃত আমার যোগদান পত্রটি গ্রহণ করতে মহোদয়ের মর্জি কামনা করছি।

বিনীত নিবেদক,

স্বাক্ষর:

নাম:

পদবী: এসিসট্যান্ট ম্যানেজার (ফিন্যান্স)

সংযুক্তি:

(ক) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ফটো ।
(খ) শিক্ষাগত যোগ্যতা বিষয়ক সকল সনদের সত্যায়িত ফটোকপি ।
(গ) ৩০০ (তিন শত) টাকা মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পের অঙ্গীকারনামা/ সম্মতি পত্র ।
(ঘ) শারীরিক সক্ষমতার ডাক্তারি প্রত্যয়ন পত্র ।
(ঙ) সম্পদ বিবরণীর কপি ।
(চ) ডিপিডিসির চাকরিবিধি/ নীতিমালা মেনে চাকরি করতে সম্মত মর্মে স্বাক্ষরিত নিয়োগ পত্রের কপি ।
(ছ) পূর্বের কর্মস্থলের ছাড়পত্র (যদি থাকে) ।
(জ) অন্যান্য (যদি থাকে)।